

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল-এর নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	পরিচালক টা: ৫৬৫০০-৭৪৪০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ফলিত পদার্থ এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ৩ বছর মেয়াদী বিএসসি (সম্মান)সহ ১ বছর মেয়াদী এমএসসি ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত অথবা বহুজাতিক/দেশি-বিদেশি প্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সফটওয়্যার/নেটওয়ার্ক ডিজাইন বা বাস্তবায়নে মাল্টি-সিস্টেম প্রজেক্টের টিম লিডার বা অনুরূপ নেতৃত্বস্থানীয় কাজে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে কম্পিউটিং বা আইটি সংশ্লিষ্ট বিষয়সমূহে মাস্টার্স ডিগ্রিধারীদের উপরোক্ত নেতৃত্বস্থানীয় কাজে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে আইসিটি অবকাঠামো পরিচালনার অভিজ্ঞতাসহ ICT Projects/Tasks উন্নয়ন ও বাস্তবায়নের অভিজ্ঞতা এবং লিনাক্স/উইন্ডোজ সার্ভার-এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। শিক্ষা জীবনে কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/ সিজিপিএ/সমমান গ্রহণযোগ্য নয়।
০২.	অতিরিক্ত পরিচালক টা: ৫০০০০-৭১২০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০সহ যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ ফলিত পদার্থ এবং ইলেকট্রনিক্স বিষয়ে ৪ বছর মেয়াদী বিএসসি (সম্মান) ডিগ্রীধারী হতে হবে অথবা কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স বিষয়ে ৩ বছর মেয়াদী বি.এসসি (সম্মান)সহ ১ বছর মেয়াদী এমএসসি ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে সরকারি/আধা-সরকারি, স্বায়ত্তশাসিত অথবা বহুজাতিক/দেশি-বিদেশি প্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; তন্মধ্যে সিস্টেমস এনালিস্ট/প্রোগ্রামার/সফটওয়্যার ইঞ্জিনিয়ার/সিস্টেম এডমিনিস্ট্রেটর বা অনুরূপ কাজে ন্যূনতম ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে আইসিটি অবকাঠামো (LAN, DBMS) ডিজাইন ও বাস্তবায়নে দক্ষতা এবং লিনাক্স/উইন্ডোজ সার্ভার-এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। শিক্ষা জীবনে কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/ সিজিপিএ/সমমান গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্তু দরখাস্ত আগামী ০২-১০-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।